২০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা
====

নং: ৪/গগ্র-৮/২০০৪/ ৩৬১

তারিখ : ০৩-০৭-১৪১১ বঙ্গাব্দ
১৮-১০-২০০৪ খ্রিঃ

বিষয় : গণগ্রন্থাগার অধিদপ্তরের পুস্তক/পাঠসামগ্রী নির্বাচনের জন্য নীতিমালা প্রণয়ন প্রসংগে।

সূত্র নং : সিপিএল/৫টি-১/৯২(অংশ-৩/(২)/১৮৯০ তাং- ৩/১০/০৪

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রস্তাব অনুযায়ী অধিদপ্তরের অধীনস্থ গণগ্রন্থাগারসমূহের পুস্তক/পাঠসামগ্রী সংগ্রহের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরিত খসড়া নীতিমালাটি অনুমোদন প্রদান করতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়েছেন।

১৮/১০/০৪
( মোঃ গোলাম মোস্তফা )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭২১৯০

পরিচালক,
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

## গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন সরকারী গণগ্রন্থাগারসমূহের জন্য পুস্তক সংগ্রহের নীতিমালা।

১। পাঠক সাধারণের জ্ঞানের প্রয়োজনের প্রেক্ষিতে তাদের আগ্রহ সৃষ্টির উদ্দেশ্যে এবং সাধারণভাবে সংস্কৃতি রুচির উচ্চমানের প্রতি লক্ষ রেখে লাইব্রেরির জন্য পুস্তক ক্রয় করতে হবে।

২ যেহেতু পাবলিক লাইব্রেরির পাঠক-পাঠিকাদের অধিকাংশ ছাত্র-ছাত্রী তাহাদের পক্ষে সমস্ত পাঠ্য পুস্তক ক্রয় করা সম্ভব নয়, সেহেতু পুস্তক ক্রয়কালে স্কুল, কলেজ, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে পঠন উপযোগী পাঠ্য ও রেফারেন্স পুস্তক ক্রয় করতে হবে।

৩। সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত পুস্তকাদি সরাসরি ক্রয় করা যাবে। দরপত্র আহবানের কোন প্রয়োজন নেই।

৪। বেসরকারী প্রতিষ্ঠানসমূহ থেকে পুস্তক/পাঠসামগ্রী সংগ্রহের ক্ষেত্রে সরকারের বিদ্যমান রীতিনীতি অনুসরন করতে হবে।

৫। গ্রন্থাগারের জন্য পুস্তক ক্রয় করার সময় বিশেষ ক্ষেত্র ব্যতিত নিউজপ্রিন্টের ছাপা পুস্তক ক্রয় করা যাবে না।

৬। কপিরাইট আইনের পরিপন্থী কোন পুস্তক/পাঠসামগ্রী ক্রয় করা যাবে না।

৭। গ্রন্থাগারের জন্য ক্রয় উপযোগী পুস্তকের তালিকা প্রণয়ন করতঃ পুস্তক নির্বাচনী কমিটির অনুমোদন নিতে হবে।

৮। গ্রন্থাগারসমূহের জন্য দেশী-বিদেশী প্রকাশিত পুস্তক/ পাঠসামগ্রী যথাঃ সৃজনশীল সাহিত্য, মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও বাংলা ভাষা বিষয়ক পুস্তক, শিশু সাহিত্য, অভিধান বিশ্বকোষ ও গবেষণামূলক পুস্তক, অপরাপর বিষয়ক পুস্তক যথাঃ স্বাস্থ্য বিষয়ক, গবাদিপশু, হাসমুরগী পালন, মৎস্য চাষ, কৃষি, বৃক্ষরোপন, ক্ষুদ্রএবং কুটির শিল্প ও উন্নয়নমূলক পুস্তকাদি, বিভিন্ন শিল্পের প্রসারের জন্য কারিগরী বিষয়ক পুস্তকাদি, শিশু পালন, মাতৃমঙ্গল, গণস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, মৌমাছির চাষ, রেশম, বয়ন, সমবায়, মাছের চাষ, নারীকল্যাণ, শিক্ষা, বিজ্ঞান, ক্রীড়া ও সংস্কৃতি, গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ক পুস্তক, বিভিন্ন চিকিৎসা বিষয়ক পুস্তক, কম্পিউটার প্রযুক্তি বিষয়ক, মানব সম্পদ ব্যবস্থাপনা, বিভিন্ন ধরনের গাইড বই, ইত্যাদি বিষয়ক পুস্তক ক্রয় করতে হবে।

৯। বাংলাদেশে এবং স্থানীয়ভাবে প্রকাশিত পুস্তক অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করতে হবে।

১০। দেশী-বিদেশী পত্র-পত্রিকা, সাময়িকী, বার্ষিকী, জার্নাল, রিপোর্ট ইত্যাদি গ্রন্থাগার বা গ্রন্থাগারসমূহের প্রয়োজন অনুযায়ী ক্রয় করতে হবে।

১১। গ্রন্থাগারের পাঠকদের চাহিদার ভিত্তিতে প্রতিটি গ্রন্থাগারে প্রয়োজন অনুযায়ী এবং তথ্য সেবার স্বার্থে বাংলা, ইংরেজী ও অন্যান্য ভাষার পত্র-পত্রিকা, সাময়িকী, জার্নাল, রিপোর্ট, বার্ষিকী ইত্যাদি বাঁধাই করে সংরক্ষন করা যাবে।

১২। গ্রন্থাগারসমূহের জন্য সকল ধর্মের পুস্তকাদি প্রয়োজন অনুযায়ী ক্রয় করতে হবে।

১৩। গ্রন্থাগারে সংগৃহীত মূল্যবান দুষ্প্রাপ্য পুস্তকাদি/পাঠসামগ্রী প্রয়োজনে মাইক্রোফিল্ম, মাইক্রোফিস এবং অন্যান্য ইলেকট্রনিকস সামগ্রীর মাধ্যমে সংরক্ষণের ব্যবস্থা করা যাবে।

১৪। গতানুগতিক বই ছাড়াও সিডি, ডিভিডি এবং অন্যান্য ইলেকট্রনিক ফরমে পাওয়া যায় এমন পাঠসামগ্রীও সংগ্রহ করা যাবে।